



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোর্ডি/প্রশা:/বিবিধ/১২/২০০৭/৪১৬৮(৪০০০)

তারিখ : ৩১/১০/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের জেএসসি পরীক্ষা সুষ্ঠু ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি।

আগামী ০১ নভেম্বর, ২০১৭ খ্রি. তারিখ থেকে অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন।

এমতাবস্থায়, সুষ্ঠুভাবে উক্ত পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য আহ্বান জানানো যাচ্ছে। পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, এ সম্পর্কিত গুজব/ঘটনা ছড়ানো, নকল/অসদুপায় অবলম্বন কিংবা এ ধরনের কাজে লিপ্ত হলে “পাবলিক পরীক্ষাসমূহ অপরাধ আইন-১৯৮০” এবং “তথ্য যোগাযোগ ও প্রযুক্তি আইন-২০০৬” অনুযায়ী কঠোর শাস্তির বিধান রয়েছে। এ লক্ষ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি এবং সদা সতর্ক থাকা প্রয়োজন। এ বিষয়ে কার্যকরি ব্যবস্থা নিতে দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীন জেএসসি পরীক্ষার সকল কেন্দ্র সচিব, কক্ষ পরিদর্শক, সংশ্লিষ্ট সকল প্রধান শিক্ষক, সিনিয়র সহকারী শিক্ষক, সহকারী শিক্ষক এবং পরীক্ষা পরিচালনা কমিটির সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীন
সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

মোঃ তোফাজ্জুর রহমান

চেয়ারম্যান (অ:দা:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং : মাউশিবোর্ডি/প্রশা:/বিবিধ/১২/২০০৭/৪১৬৮(৪০০০)

তারিখ : ৩১/১০/২০১৭ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।

মোঃ তোফাজ্জুর রহমান

চেয়ারম্যান (অ:দা:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।